দেশদ্রোহী নয় যাদবপুর, বলছেন শিক্ষকরা

আজকালের প্রতিবেদন

নয়ের দশকের শেষে অগ্নি ও পৃথ্বী মিসাইল তৈরিতে সফল ভাবে কারিগরি সহায়তা দিয়েছিল যাদবপুর বিশ্ববিদ্যালয়। কয়েক বছর আগেও চাঁদের দক্ষিণ মেরুতে ইসরোর চন্দ্রযান ৩–এর ল্যান্ডার বিক্রমের ‘পাখির পালকের মতো অবতরণ’–এর গবেষণায় দেশের প্রথম সারির কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানের তালিকায় অন্যতম ছিল যাদবপুর বিশ্ববিদ্যালয়ের নাম। এ হেন যাদবপুরের শিক্ষক, পড়ুয়া, গবেষকরা ‘দেশদ্রোহী’ নন। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর শুক্রবার যাদবপুর নিয়ে বক্তব্যের পরিপ্রেক্ষিতে এমনটাই জানাচ্ছেন বিশ্ববিদ্যালয়ের একটা বড় অংশ। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সংগঠন জুটার পক্ষ থেকে বিবৃতি দিয়ে বলা হয়েছে, বিশ্ববিদ্যালয় স্বাধীনতা আন্দোলনের উত্তরাধিকার বহন করছে। স্বদেশি আন্দোলনের মধ্যে দিয়েই বিশ্ববিদ্যালয়ের জন্ম। রাজ্যের একটি বিশ্ববিদ্যালয় হিসেবে এর সঙ্গে আমাদের সকলের সম্মান জড়িয়ে আছে। এখানে আমরা–ওঁরার কোনও জায়গা নেই। বিশ্ববিদ্যালয় সম্পর্কে ভুল প্রচার বন্ধ হওয়াই বাঞ্ছনীয়। শিক্ষক সংগঠন আবুটার বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক গৌতম মাইতির বক্তব্য, ‘যাদবপুরের ছাত্র–শিক্ষকদের যেভাবে দেশবিরোধী হিসেবে চিহ্নিত করা হয়েছে তা বিভ্রান্তিকর ও চরম উদ্বেগের। যাদবপুরের মুক্তচিন্তা, গণতান্ত্রিক অধিকার এবং শিক্ষাঙ্গনের স্বায়ত্তশাসনের ওপর এ ধরনের বক্তব্যের তীব্র প্রতিবাদ করছি।’ মুখ্যমন্ত্রীর বক্তব্যের পরিপ্রেক্ষিতে ছাত্র সংসদ নির্বাচন করার দাবি জানিয়েছে এসএফআই। সংগঠনের রাজ্য সম্পাদক দেবাঞ্জন দে বলেন, ‘ছাত্র সংসদ নির্বাচনের মাধ্যমে ছাত্রছাত্রীদের বেছে নিতে দেওয়া হোক যাদবপুর–সহ রাজ্যের প্রতিটি ক্যাম্পাসে কোন ছাত্র সংগঠন থাকবে আর কারা থাকবে না। এটা নির্বাচন হলেই স্পষ্ট হয়ে যাবে। সরকার অবিলম্বে ছাত্র সংসদ নির্বাচনের নির্ঘণ্ট এবং গাইডলাইন প্রকাশ করুক।’ ‘আজাদি’ প্রসঙ্গে দেবাঞ্জনের ব্যাখ্যা, এই আজাদি আসলে কমখরচে লেখাপড়া করার আজাদি, দুর্নীতির বিরুদ্ধে আজাদি, চাকরি পাওয়া, শান্তিতে খেয়েপরে বেঁচে থাকার আজাদি।

প্রশাসনিক সভা শেষে সাংবাদিকদের মুখোমুখি মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। রয়েছেন মন্ত্রী জগন্নাথ চট্টোপাধ্যায়, বিধায়ক ধ্রুব সাহা, কৃষ্ণকান্ত সাহা, কাজল শেখ প্রমুখ। ডানদিকে, প্রয়াত আশিস ব্যানার্জির বাড়িতে গিয়ে তাঁর স্ত্রী এবং পুত্রকে সমবেদনা জানাচ্ছেন মুখ্যমন্ত্রী। রয়েছেন সাংসদ অসিত মাল। রামপুরহাটে, শনিবার। ছবি: আরিফউদ্দিন আহমেদ

‘ঐতিহ্য, সংস্কৃতির বীরভূম গড়ব আমরা’

● ৩ পাতার পর

বিদেশে থাকা লোকেরাও আসেন। অতএব এই যে আস্থার একটি বড় মহোৎসব আসছে, তার সুন্দর প্রস্তুতি হবে। এই সরকার মা তারার আশীর্বাদে তৈরি হয়েছে। তাই মা তারাকে কেন্দ্র করে আস্থার যে ব্যবস্থাগুলি সরকারের পক্ষ থেকে নেওয়া উচিত, আমরা সেগুলি নেব। প্রশাসনের আধিকারিকদের সব নির্দেশ দেব। আমি মুখ্যমন্ত্রী হওয়ার পর কালীঘাট থেকে শুরু করে নানা আস্থার জায়গা দর্শন করেছি। জলপাইগুড়ির জল্পেশ মন্দিরে আমি শ্রাবণের সোমবার জল ঢেলেছি বাবার মাথায়। তারকেশ্বরে ধর্ম সম্মেলনে যোগদান করেছি। রামকৃষ্ণ মঠ ও মিশন, ভারত সেবাশ্রম সঙ্ঘ এবং ইসকনেও গিয়েছি, গোমাতার সেবা করেছি। আমার তারাপীঠ দর্শন এবং মাকে প্রণাম করা বাকি ছিল। সেটা আজ করে গেলাম।’ সাংবাদিকদের পক্ষ থেকে মুখ্যমন্ত্রীকে বীরভূমের দেউচা–পাঁচামি কয়লাখনি প্রকল্পের ভবিষ্যৎ নিয়ে প্রশ্ন করা হয়। পাশাপাশি বীরভূমে বেআইনি পাথর কারবারে অভিযুক্ত পলাতক টুলু মণ্ডল কবে গ্রেপ্তার হবে, সে ব্যাপারেও জানতে চাওয়া হয়। জবাবে মুখ্যমন্ত্রী বলেন, ‘সব হবে, সব হবে।’

আসছে পার্কিং অ্যাপ: পুরমন্ত্রী

আজকালের প্রতিবেদন

গাড়ি রাখার জন্য আর পার্কিং জোন খুঁজতে হবে না। নতুন পার্কিং অ্যাপ আনা হচ্ছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী পার্কিং অ্যাপের উদ্বোধন করবেন। শনিবার একথা জানালেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল। এদিন পার্কিং সমস্যা সমাধানে নবান্নে কলকাতা, বিধাননগর, হাওড়া পুরসভার প্রশাসক এবং পুলিশ কমিশনারদের সঙ্গে বৈঠক করেন পুরমন্ত্রী। তিনি বলেন, ‘ফুটপাথে স্কুটি, মোটরসাইকেল রাখা যাবে না। এমন একটা অ্যাপ নিয়ে আসা হচ্ছে, কাউকে আর গাড়ি রাখার বৈধ জায়গা খুঁজতে হবে না। পার্কিং ব্যবস্থাকে ডিজিটাল করার লক্ষ্যে বেশ কিছু উদ্যোগ নেওয়া হয়েছে। শহরের কোন জায়গায় পার্কিং খালি রয়েছে, সেই তথ্য ওই অ্যাপ থেকেই পাওয়া যাবে।’ বেআইনি পার্কিং নিয়ে আবার সচেতন করে বলেন, ‘সল্টলেকের রাস্তায় রাতে গাড়ি রাখা যাবে না। নিজের বাড়িতে যদি পার্কিংয়ের জায়গা থাকে, তাহলে সেখানে রাখুন। আর যদি রাতে রাস্তায় গাড়ি রাখতে হয়, তাহলে নাইট পার্কিং ফি দিতে হবে। পার্কিংয়ের জন্য চিহ্নিত করা হয়েছে কয়েকটা জায়গা। আজ তা নিয়ে আলোচনা হয়েছে বৈঠকে।’ পুরসভা সূত্রে জানা গেছে, সেপ্টেম্বর থেকে বেআইনি পার্কিং করলে জরিমানা চালু হচ্ছে। পুজোর আগেই পার্কিং অ্যাপ উদ্বোধনের পরিকল্পনা রয়েছে। কলকাতা পুরসভা এলাকায় প্রায় ১৫ হাজার বৈধ পার্কিং চিহ্নিত করা হয়েছে। এই সমস্ত পার্কিংকে নতুন করে টেন্ডার আওতায় আনা হবে। যাঁরা পার্কিং পরিচালনার দায়িত্ব পাবেন, তাঁদের কর্মীদের পরিচয় পত্র ও নির্দিষ্ট পোশাকও দেবে পার্কিং কাজে থাকা কর্মীদের। শহরে ৪০০০ পার্কিং এলাকা চিহ্নিত করা হয়েছে যেগুলি থেকে পুরসভা কোনও রাজস্ব পায় না। এই পার্কিং এলাকাগুলোকেও পুরসভার আওতায় এনে টেন্ডার ডাকা হবে।

হাসপাতাল পরিদর্শনে স্বাস্থ্যমন্ত্রী

আজকালের প্রতিবেদন

হাসপাতাল পরিদর্শনে গেলেন রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী ডাঃ শারদ্বত মুখার্জি। শনিবার যাদবপুরের কেপিসি মেডিক্যাল কলেজের একটি অনুষ্ঠানে যোগ দিতে গিয়ে পাশে কেএস রায় টিবি হাসপাতালে যান। সেখানে স্টোরের কর্তব্যরত কর্মীর সঙ্গে কথা বলেন এবং মজুত থাকা ওষুধ ভাল করে পরীক্ষা করেন। রোগীদের কোন ওষুধ কবে দেওয়া হয়েছে, কোন ওষুধের মেয়াদ ফুরিয়েছে সেই হিসেবও খতিয়ে দেখেন। কেন্দ্রীয় সরকারের দেওয়া ওষুধের হিসেবে গরমিল পাওয়ায় তিনি সতর্ক করেন। কেপিসি মেডিক্যাল কলেজে ন্যাশনাল অ্যাকাডেমি অফ বার্নস–ইন্ডিয়া পশ্চিমবঙ্গ স্টেট চ্যাপ্টার দ্বারা আয়োজিত হয় ইস্ট জোন বার্নস সিএমই ও সচেতনতামূলক অনুষ্ঠান। সেখানে উদ্বোধনী অনুষ্ঠানে অংশ নেন স্বাস্থ্যমন্ত্রী ডাঃ শারদ্বত মুখার্জি, পশ্চিমবঙ্গ স্বাস্থ্যবিজ্ঞান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মুকুল ভট্টাচার্য–সহ একাধিক প্লাস্টিক সার্জেন এবং অন্য চিকিৎসকরা। হাসপাতালে অগ্নিদগ্ধ রোগীদের চিকিৎসায় জোর দেন স্বাস্থ্যমন্ত্রী।

দেরিই প্রাণ বাঁচাল দম্পতির

● ৩ পাতার পর

ঠিক ছিল, নেপাল হয়ে কৈলাস ও মানস সরোবর যাবেন। ২১ আগস্ট বসিরহাট থেকে রওনা দেন অনুকূল পোদ্দার ও তাঁর স্ত্রী রেবা। যাওয়ার সময় নেপাল–চীন সীমান্তে অভিবাসন ভবনে ভিসা ভেরিফিকেশনে যাবেন। বুধবার (২৬ আগস্ট) হোটেল রুম থেকে বেরোতে ১৫ মিনিট দেরি হওয়ায় যে–বাসে তিব্বতে যাওয়ার কথা, তাঁরা সেই বাসে উঠতে পারেননি। তাঁদের ছেড়ে বাসটি চলে যায়। পরের বাসের জন্য অপেক্ষা করার সময় খবর পান হড়পা বানের মহাপ্রলয়ের। এর পর ফেরার পরিকল্পনা করেন। পরিবারের সদস্যরা তাঁদের সঙ্গে যোগাযোগ করতে পারছিলেন না। অবশেষে অনুকূলবাবুর ফোন পেয়ে স্বস্তি ফেরে পরিবারে। মুখ্যমন্ত্রীর দপ্তর থেকে অনুকূলবাবুর শ্যালক প্রসূন রায়ের সঙ্গে যোগাযোগ করা হয়। কাঠমান্ডু থেকে বিমানে তাঁদের ভারতে ফিরে আসার ব্যবস্থা করা হয়। কিন্তু ততক্ষণে তাঁরা রক্সৌলের উদ্দেশে রওনা দিয়েছেন ট্রেন ধরার জন্য। অনুকূলবাবুর সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, ‘আমরা ফেরার জন্য ট্রেনের টিকিট কেটে ফেলি। আমরা রক্সৌল থেকে মিথিলা এক্সপ্রেসে হাওড়া ফিরে আসছি।’ অন্য দিকে, খোঁজ নেই বসিরহাটের স্বপন মণ্ডল ও মৌ মণ্ডলের। তাঁরাও কৈলাস–মানস যাত্রায় গিয়েছিলেন।

কেটে গিয়েছে চার দিন। এখনও কোনও খোঁজ নেই বীজপুরের প্রাক্তন বিধায়ক শুভ্রাংশু রায়ের স্ত্রী শর্মিষ্ঠা ভৌমিক রায়ের। চরম উদ্বেগে রয়েছে রায় পরিবার। শনিবার চিন্তিত শুভ্রাংশু ও তাঁর পরিবারের সঙ্গে দেখা করতে যান বিরোধী দলনেতা ঋতব্রত ব্যানার্জি। এখনও খোঁজ নেই বাংলা থেকে যাওয়া আরও ৩৭ জন পর্যটকের।

মুখ্যমন্ত্রীর শ্রদ্ধা

আজকালের প্রতিবেদন

কবি কাজী নজরুল ইসলাম ও মেজর ধ্যানচাঁদকে শ্রদ্ধা জানালেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। শনিবার ছিল কবি নজরুলের প্রয়াণ দিবস। এদিন মুখ্যমন্ত্রী তাঁকে শ্রদ্ধা জানিয়ে সমাজমাধ্যমে লেখেন, ‘বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের প্রয়াণ দিবসে বিনম্র শ্রদ্ধাঞ্জলি।’ একই সঙ্গে এদিন ছিল মেজর ধ্যানচাঁদের জন্মদিন। তাঁকে শ্রদ্ধা জানিয়ে মুখ্যমন্ত্রী লেখেন, ‘হকির যাদুকর, আন্তর্জাতিক হকির কিংবদন্তি খেলোয়াড় মেজর ধ্যানচাঁদের জন্মবার্ষিকীতে বিনম্র শ্রদ্ধাঞ্জলি।’

কাল নন্দীগ্রামে মুখ্যমন্ত্রী প্রশাসনিক সভা করবেন

যজ্ঞেশ্বর জানা

নন্দীগ্রাম, ২৯ আগস্ট

সোমবার নন্দীগ্রামে প্রশাসনিক সভা করবেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এই কর্মসূচিকে কেন্দ্র করে প্রশাসনিক ও রাজনৈতিক প্রস্তুতি এখন তুঙ্গে। নন্দীগ্রাম–২ ব্লকের রেয়াপাড়ায় বিদ্যুৎ দপ্তর সংলগ্ন মাঠে সভার আয়োজন করা হয়েছে। ইতিমধ্যেই সভাস্থল পরিদর্শন করেছেন রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের রাষ্ট্রমন্ত্রী শান্তনু প্রামাণিক, হলদিয়ার মহকুমা শাসক সুরভি সিংলা এবং বিজেপির জেলা নেতৃত্ব। জানা গেছে, এই প্রশাসনিক সভা থেকে মুখ্যমন্ত্রী আবাস যোজনার অধীনে ১১ হাজার বাড়ির চেক, আয়ুষ্মান ভারতের কার্ড ও শৌচালয় নির্মাণ–সহ একাধিক প্রকল্পের সুবিধা উপভোক্তাদের হাতে তুলে দেবেন। পাশাপাশি তিনি এলাকার সার্বিক উন্নয়নের নতুন রূপরেখাও প্রকাশ করবেন। এই কর্মসূচিকে কেন্দ্র করে স্থানীয় বিজেপি কর্মী ও সাধারণ মানুষের মধ্যে বিশাল উদ্দীপনা তৈরি হয়েছে। নন্দীগ্রাম মণ্ডল–২ বিজেপির সভাপতি সুদীপ দাস বলেন, ‘বিরোধী দলনেতা হিসেবে শুভেন্দু অধিকারী যেভাবে নন্দীগ্রামবাসীকে বুকে আগলে রেখেছিলেন, মুখ্যমন্ত্রী হওয়ার পরেও সেই একই নিষ্ঠায় কাজ করে যাচ্ছেন।’

HALDIA INSTITUTE OF PHARMACY
(An Institute of ICARE)
ICARE Complex, Hatiberia, Haldia, Dist. Purba Medinipur, PIN - 721657
Phone: 03224-255896, 9563408796, 9475206999
Approved by: Pharmacy Council of India
Affiliated to: State Medical Faculty of West Bengal

ADMISSION NOTICE – 2026
for Diploma in Pharmacy (D. Pharm) – 2 Years

Applications are invited from eligible candidate for admission to Diploma in Pharmacy (D. Pharm) course for the session 2026-2028. Application forms & information Brochure will be available at the institute on payment of .500.00 (Details available in the institute website, **https://hiphaldia.org/**)

Eligibility:

Age: Minimum age 17 years as on 31.12.2026

Education Qualification: Passed 10+2 (Science) or equivalent examination with Physics, Chemistry, Biology or Mathematics and English.

Important Dates:

Date of issue of forms: **31.08.2026**

Closing date of issuing forms and last date of submission of Filled-in application through offline or E-mail: hipadmission2020@gmail.com: **05.09.2026**

Merit list will be published on **14.09.2026** at the institute Notice Board.

Dates of counselling & admission: **15.09.2026 and 16.09.2026**

Haldia, 30/08/2026 **Principal**

রিকভারি অফিসারের অফিস
ডেটস রিকভারি ট্রাইবুনাল কলকাতা (ডিআরটি ৩)
ফ্লোর নং ৮, জীবন সুধা বিল্ডিং, ৪২সি, জওহরলাল নেহরু রোড, কলকাতা–৭০০০৭১
বিষয়: মামলা নং আরপি/৩৭৭/২০২৫
(টিএ নং ২২/২০২৪)
ব্যাঙ্ক অফ বরোদা
বনাম
এস এস এস রাইস মিল প্রাইভেট লিমিটেড ও অন্যান্য
বিক্রয় বিজ্ঞপ্তি

ই–নিলামের মাধ্যমে নিম্নলিখিত সম্পত্তি বিক্রির প্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারী দ্বারা প্রদত্ত ১৪.০৮.২০২৬ তারিখের আদেশ নং ১০ অনুযায়ী এখানে নীচে দেওয়া বিশদ তথ্য অনুযায়ী আয়োজিত হবে:
স্থাবর সম্পত্তির বিবরণ:
কারখানার জমি ও বাড়ির সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, মাপ ৩.২৭ একর, যার অবস্থান: জে এল নং ১০৬ (সাবের নং ৪৯), তৌজি নং ৯৩, পরগনা–মাগুরা, সি এস ও আর এস দাগ নং ৫৭২৪, এল আর দাগ নং ৫৭২৪ (অংশ), সি এস খতিয়ান নং ২০৪৫, আর এস খতিয়ান নং ১৯১৩, ৩০৭০, ৪৭৬৩, ৪৬৮৩, ৩৯০৬, মৌজা খরি, গ্রাম–কোমপানির ঠেক, পোঃ দক্ষিণ বায়ারগাদি, থানা রায়দিঘি, জেলা দক্ষিণ ২৪ পরগনা, গিলেরচত গ্রাম পঞ্চায়েতের অধীন, মথুরাপুর ২ নং গ্রাম পঞ্চায়েত সমিতি, পিন–৭৪৩৩৪৯। চৌহদ্দি: উত্তর: মিঃ সুধীর হালদারের সম্পত্তি; দক্ষিণ: আবু কালাম নস্করের সম্পত্তি; পূর্ব: ৫০ ফুট চওড়া রায়দিঘি রোড; পশ্চিম: মিঃ প্রফুল্ল হালদার ও অন্যদের সম্পত্তি।
সম্পত্তিটি নিম্নস্বাক্ষরকারী দ্বারা জারিকৃত ১৪.০৮.২০২৬ তারিখের বিক্রয় ঘোষণাপত্রে নির্ধারিত শর্ত ও নিয়মাবলি সাপেক্ষে ‘যেখানে যেমন আছে, যা কিছু আছে’ ভিত্তিতে বিক্রি করা হবে।
এই বিক্রি আয়কর আইন, ১৯৬১–এর দ্বিতীয় তফসিল ও এর অধীনে রচিত বিধিসমূহে নির্ধারিত শর্তাবলি এবং নিম্নলিখিত অতিরিক্ত শর্তাবলি সাপেক্ষ হবে। তফসিলে নির্ধারিত লটে এই সম্পত্তি বিক্রি করা হবে। সম্পত্তির কোনও অংশের বিক্রয়মূল্য দিয়ে আদায়যোগ্য অর্থাঙ্ক মেটানো গেলে, বাকি অংশের প্রেক্ষিতে বিক্রি প্রক্রিয়াটি তৎক্ষণাৎ বন্ধ করে দেওয়া হবে।
সম্পত্তির স্থিরীকৃত সংরক্ষণ মূল্য হল ₹৬,৯৫,৩৯,০০০.০০ **(ছয় কোটি পঁচানব্বই লক্ষ উনচল্লিশ হাজার টাকা মাত্র)।**
আগ্রহী ক্রেতারা তাঁদের দরপ্রস্তাবের সঙ্গে **₹৬৯,৫৩,৯০০.০০ বায়না অর্থাঙ্ক (ইএমডি) সংলগ্ন করে খামে ভরে মুখবন্ধ অবস্থায় সর্বশেষ ০৫.১০.২০২৬ তারিখ দুপুর ২টোর মধ্যে জমা দেবেন।** ওই খামের মধ্যে পূরণ করা বিড অ্যাপ্লিকেশন ফর্ম এবং সম্পত্তির বিশদ বিবরণ, প্যান কার্ডের প্রতিলিপি, ঠিকানা ও পরিচয়ের প্রমাণপত্রের প্রতিলিপি, ই–মেল আইডি, মোবাইল নম্বর এবং নিলামে অংশগ্রহণকারী সত্তা কোম্পানি হলে কোম্পানির প্রতিনিধি/ অ্যাটর্নি হওয়ার নিশ্চয়তা প্রদানকারী নথি এবং ইএমডি বাবদ ডিমান্ড ড্রাফট বা টাকা জমা দেওয়ার রসিদ/ কাউন্টার ফাইল ভরে রিকভারি অফিসার, ডেটস রিকভারি ট্রাইবুনাল–III, কলকাতা বরাবরে ট্রাইবুনালের ঠিকানায় হাতে করে বা রেজিস্টার্ড/ স্পিড পোস্টের মাধ্যমে জমা দিতে হবে। ওপরে নির্ধারিত সময়সীমার পরে জমা পড়া ইএমডি ই–নিলামে অংশগ্রহণের জন্য যোগ্য হিসেবে বিবেচিত হবে না। ট্রাইবুনালের অফিসে বিড জমা পড়ার শেষ তারিখ ও সময় হল ০৫.১০.২০২৬ দুপুর ২টো এবং বিড বাড়ানোর ন্যূনতম অর্থমূল্য হল নির্ধারিত সংরক্ষণ মূল্যের ১% অর্থাৎ, ₹৬,৯৫,৩৯০.০০।
বিক্রয় নিষ্পত্তির তারিখের পরবর্তী তারিখে দুপুর ২টো ৩০ মিনিটের মধ্যে ওপরে লেখা অ্যাকাউন্টে সফল বিডারকে বিক্রয়মূল্যের ২৫% (আগে জমা দেওয়া ইএমডি অর্থাঙ্ক সমন্বয়ক্রমে) জমা দিতে হবে। পরবর্তী তারিখটি কোনও ছুটির দিন বা রবিবার হলে, তার ঠিক পরের অফিস খোলা থাকার তারিখে এই অর্থাঙ্ক জমা দিতে হবে। বিক্রয়মূল্যের বাকি ৭৫% অর্থাঙ্ক ক্রেতাকে জমা দিতে হবে সম্পত্তি বিক্রির তারিখ (এই তারিখটি বাদ দিয়ে) থেকে ১৫তম দিন বা তার আগে এবং এই ১৫তম তারিখটিও যদি কোনও ছুটির দিন বা রবিবার হয়, তাহলে তার ঠিক পরের অফিস খোলা থাকার তারিখে ওপরে নির্ধারিত উপায়ে এই অর্থাঙ্ক জমা দিতে হবে। ওপরে উল্লিখিত অর্থাঙ্ক ছাড়াও ক্রেতাকে পাউন্ডেজ ফি বাবদ ২% হারে সর্বাধিক ₹১,০০০/– এবং এর ওপরে ১% হারে সর্বাধিক ₹১,০০০/– + ₹২০০/– **‘Registrar, DRT-III, Kolkata’**–র অনুকূলে ডিমান্ড ড্রাফটের মাধ্যমে জমা দিতে হবে।
অন্যায্য মনে হলে যে কোনও বা সমস্ত বিড গ্রহণ বা বাতিল করা কিংবা কোনও কারণ না দেখিয়ে যে কোনও পর্যায়ে নিলাম স্থগিত রাখার অধিকার নিম্নস্বাক্ষরকারীর থাকবে। ওপরে নির্ধারিত সময়সীমার মধ্যে অর্থাঙ্ক প্রদানে বিফলতার ক্ষেত্রে বিক্রির খরচাপাতি সমন্বয়ের পরে জমাকৃত অর্থাঙ্ক নিম্নস্বাক্ষরকারীর সিদ্ধান্ত অনুযায়ী সরকার বাজেয়াপ্ত করবে এবং এমন ক্ষেত্রে খেলাপকারী ক্রেতা সম্পত্তির ওপর কিংবা পরবর্তীতে সম্পত্তিটি যে মূল্যে বিক্রি করা হবে, তার ওপর বা এর কোনও অংশের ওপর কোনও দাবি জানাতে পারবেন না। এমন ক্ষেত্রে বিক্রির নতুন ঘোষণাপত্রে জারির পরে সম্পত্তিটি পুনরায় বিক্রি করা হবে।
সম্পত্তি পরিদর্শনে আগ্রহী ক্রেতারা এই ব্যক্তির সঙ্গে এখানে যোগাযোগ করতে পারেন: **মহামান্য রিসিভার শ্রীমতী তানিয়া মজুমদার, মহামান্য অ্যাডভোকেট (মোবাইল নং : ৯৬৭৪৩৭০৮১৭) এবং ধনেশ্বর সাহু, চিফ ম্যানেজার, মোবাইল নং ৯১৬৩২৬৫৫৮৬, ই–মেল: armcal@bankofbaroda.co.in,** অফিসের ঠিকানা: ব্যাঙ্ক অফ বরোদা, জেডওএসএআরবি, কলকাতা। ব্যাঙ্ক আধিকারিকের সঙ্গে আগাম যোগাযোগ সাপেক্ষে ০১.০৯.২০২৬ থেকে ১৫.০৯.২০২৬ তারিখের মধ্যে যে কোনও কাজের দিনে সকাল ১১টা থেকে দুপুর ৩টের মধ্যে সম্পত্তিগুলি পরিদর্শন করা যেতে পারে।
ই–নিলামের নির্ধারিত তারিখ ও সময় হল **০৭.১০.২০২৬ সকাল ১১টা থেকে দুপুর ১টা,** বিক্রি নিষ্পত্তি হওয়া পর্যন্ত প্রতি ক্ষেত্রে ৩ মিনিটের স্বতঃ মেয়াদ সম্প্রসারণে এবং বিডিং আয়োজিত হবে ‘অনলাইন ইলেকট্রনিক বিডিং’ উপায়ে মেসার্স পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ–এর **https://baanknet.com** ওয়েব পোর্টালের মাধ্যমে ইউনিট ১, থার্ড ফ্লোর, ভিয়াস কমার্শিয়াল টাওয়ার, ওয়াদালা ট্রাক টার্মিনালের নিকটে, ওয়াদালা ইস্ট, মুম্বই–৪০০০৩৭। যোগাযোগের ব্যক্তি: **শ্রী সুনীল কুমার, মোবাইল নং ৯০০৬৮৮৬৭৩৭, ই–মেল: support.baanknet@psballiance.com**
উপরোক্ত নিলাম সম্পর্কিত বিশদ তথ্য, বিক্রির ঘোষণাপত্র, ই–নিলামের বিড ফর্ম, ডিক্লারেশন ফর্ম এবং বিডিংয়ের শর্ত ও নিয়মাবলি **https://drt.gov.in** ওয়েবসাইটে উপলব্ধ রয়েছে।
এই ই–নিলাম পরিচালনার জন্য মনোনীত ব্যক্তি হলেন: **শ্রী ধনেশ্বর সাহু, চিফ ম্যানেজার, মোবাইল: ৯১৬৩২৬৫৫৮৬, ই–মেল আইডি : armcal@bankofbaroda.co.in,** অফিসের ঠিকানা: ব্যাঙ্ক অফ বরোদা, জেডওএসএআরবি, কলকাতা।
আজ ১৪.০৮.২০২৬ এখানে নীচে এই ট্রাইবুনালের সিলমোহর দিয়ে আমি স্বাক্ষর করলাম।
স্বাঃ/–
(প্রদীপ কুমার মণ্ডল)
রিকভারি অফিসার
ভারত সরকার
কলকাতা ডেটস রিকভারি ট্রাইবুনাল–৩

बैंक ऑफ़ बड़ौदा
Bank of Baroda
পারকাস রোড শাখা
ফার্স্ট ফ্লোর, ৮২, জি টি রোড,
জেলা–পূর্ব বর্ধমান–৭১৩১০১

দখল বিজ্ঞপ্তি

যেহেতু, **ব্যাঙ্ক অফ বরোদার** অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২)–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে ২১.০৫.২০২৬ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক **₹১১,৭৩,৮০৩.০০/– (এগারো লক্ষ তিয়াত্তর হাজার আটশো তিন টাকা মাত্র) তৎসহ ২০.০৫.২০২৬ থেকে উদ্ভূত সুদ ও অন্যান্য চার্জ** পরিশোধের জন্য **ঋণগ্রহীতা মিসেস সাবিত্রী সিং, প্রযত্নে শিবশঙ্কর সিং, গাঙ্গপুর পাতরপা জোতরাম, বর্ধমান–১, জেলা পূর্ব বর্ধমান, পিন–৭১৩১০৪, পশ্চিমবঙ্গ**–এর প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত উক্ত ঋণগ্রহীতার জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৪) নং উপধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **২৬ আগস্ট, ২০২৬ তারিখে** এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতাকে উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও প্রকার লেনদেন **₹১১,৭৩,৮০৩.০০/– (এগারো লক্ষ তিয়াত্তর হাজার আটশো তিন টাকা মাত্র) তৎসহ ২০.০৫.২০২৬ থেকে পরিশোধের তারিখ পর্যন্ত উদ্ভূত সুদ ও অন্যান্য চার্জ** সমেত **ব্যাঙ্ক অফ বরোদা, পারকাস রোড শাখা, জেলা পূর্ব বর্ধমান**–এর প্রতি দায় সাপেক্ষ হবে।
সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা সম্পর্কিত বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ (সেরসাই আইডি ৪০০০১১১৭৬২৯০)

৩.৩০ ডেসিমেল জমির সমগ্রের সমবন্ধক, জেলা পূর্ব বর্ধমান, থানা বর্ধমান, অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট সাব রেজিস্ট্রি অফিস বর্ধমান, মৌজা জোতরা, জে এল নং ৮৯, এল আর খতিয়ান নং ২৫৩৬, এল আর প্লট নং ২৪৮, সাব প্লট নং ২৪৮/পার্ট–৬। সেরসাই সিকিউরিটি আইডি ৪০০০৮২৬৪৪৩৭৬। সম্পত্তির চৌহদ্দি : উত্তর– প্রদীপ মণ্ডলের জমি সাব প্লট নং ২৪৮/পার্ট–৫; দক্ষিণ– আলো রানি শীলের জমি সাব প্লট নং ২৪৮/পার্ট–৭; পূর্ব– প্লট নং ২৫০ এর সম্পত্তি; পশ্চিম– ৬ ফুট চওড়া কাঁচা রাস্তা।
তারিখ: ২৬.০৮.২০২৬ অনুমোদিত আধিকারিক
স্থান: বর্ধমান ব্যাঙ্ক অফ বরোদা

बैंक ऑफ़ बड़ौदा
Bank of Baroda
খড়্গপুর শাখা
মালঞ্চ মেন রোড, পোঃ নিমপুরা,
খড়্গপুর–৭২১৩০৪, জেলা পশ্চিম মেদিনীপুর (পশ্চিমবঙ্গ)

[রুল ৮(১) দ্রষ্টব্য] দখল বিজ্ঞপ্তি (কেবলমাত্র স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু, **ব্যাঙ্ক অফ বরোদার** অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২)–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে ১৮.০৪.২০২৬ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন, যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক **১৮.০৪.২০২৬ তারিখের ভিত্তিতে ₹২০,৩৬,১৬২ (কুড়ি লক্ষ ছত্রিশ হাজার একশো বাষট্টি টাকা মাত্র) তৎসহ ১৮.০৪.২০২৬ থেকে উদ্ভূত সুদ ও অন্যান্য চার্জ** পরিশোধের জন্য **ঋণগ্রহীতা ১. শ্রী নাড়ুগোপাল চক্রবর্তী, পিতা জীবনকৃষ্ণ চক্রবর্তী,** তিলোত্তমা অ্যাপার্টমেন্ট, ফ্ল্যাট নং জিডি, গ্রাউন্ড ফ্লোর, ইন্দা, এইচ এন ২৬২/২১৬, প্লট নং ৪২৮৯, কুণ্ডু গলি খড়্গপুর, জেলা পশ্চিম মেদিনীপুর, খড়্গপুর–৭২১৩০৫, **২. শ্রীমতী মুনমুন চক্রবর্তী, স্বামী শ্রী নাড়ুগোপাল চক্রবর্তী (সহ–ঋণগ্রহীতা),** তিলোত্তমা অ্যাপার্টমেন্ট, ফ্ল্যাট নং জিডি, গ্রাউন্ড ফ্লোর, ইন্দা, এইচ এন ২৬২/২১৬, প্লট নং ৪২৮৯, কুণ্ডু গলি খড়্গপুর, জেলা পশ্চিম মেদিনীপুর, খড়্গপুর–৭২১৩০৫–এর প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত উক্ত ঋণগ্রহীতার জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৪) নং উপধারাধীনে অর্পিত ক্ষমতাবলে **২৯ আগস্ট, ২০২৬ তারিখে** এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতাকে উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও প্রকার লেনদেন **১৮.০৪.২০২৬ তারিখের ভিত্তিতে ₹২০,৩৬,১৬২ (কুড়ি লক্ষ ছত্রিশ হাজার একশো বাষট্টি টাকা মাত্র) তৎসহ ১৮.০৪.২০২৬ থেকে পরিশোধের তারিখ পর্যন্ত উদ্ভূত সুদ ও অন্যান্য চার্জ** সমেত **ব্যাঙ্ক অফ বরোদা, খড়্গপুর শাখা, খড়্গপুর, জেলা পশ্চিম মেদিনীপুর**–এর প্রতি দায় সাপেক্ষ হবে।
সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা সম্পর্কিত বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ (সেরসাই আইডি : ৪০০০৫১৫৭৪২৮৬)

ফ্ল্যাট/বাড়ির সমবন্ধক, জে এল নং ২৩২, ফ্ল্যাট নং জি/ডি, প্রথম তল/ডোর নং/হাউজ/নিকটবর্তী ডোর, জমির মাপ ৫ বর্গফুট, বিল্ট আপ এরিয়া ৬০০, কার্পেট এরিয়া, ৫২৬, তিলোত্তমা অ্যাপার্টমেন্ট, মৌজা–ইন্দা, খতিয়ান নং ৭৪৮৩, প্লট নং ২৬২/২১৬, থানা খড়্গপুর (টাউন), জেলা পশ্চিম মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, পিন কোড ৭২১৩০৫, মিঃ নাড়ুগোপাল চক্রবর্তী এবং মিসেস মুনমুন চক্রবর্তীর নামে। সম্পত্তির চৌহদ্দি: পূর্ব: লিফট/সিঁড়ি ও কমন স্পেস; পশ্চিম: ফ্ল্যাট নং জিএ; উত্তর: লবি; দক্ষিণ: কমন স্পেস।
তারিখ: ২৬.০৮.২০২৬ অনুমোদিত আধিকারিক
স্থান: খড়্গপুর ব্যাঙ্ক অফ বরোদা

সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
सेन्ट्रल बैंक ऑफ़ इंडिया
Central Bank of India
রিজিওনাল অফিস: কলকাতা নর্থ
৫ম তল, ৩৩, এন এস রোড, কলকাতা–৭০০০০১
মোবাইল নম্বর: ৯১–৯৯৩৭৯৮৭৪৪০ / ৯১–৮২০৮৮০০৭১৭
ই–মেল: recoverykolknro@centralbank.bank.in
ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

পরিশিষ্ট IV–A [রুল ৮(৬)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]
স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্দ্বারা জনসাধারণ–সহ বিশেষত সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার (সুরক্ষিত ঋণদাতা) কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ এবং সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার (সুরক্ষিত ঋণদাতা) অনুমোদিত আধিকারিক দ্বারা বাস্তবিক/ প্রতীকী (সংশ্লিষ্ট সম্পত্তির পাশে নির্দিষ্টভাবে উল্লিখিত) দখল নেওয়া নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর থেকে সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার (সুরক্ষিত ঋণদাতা) পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নিম্নবর্ণিত সম্পত্তিগুলি **‘যেখানে আছে’, ‘যেমন আছে’ এবং ‘যা কিছু আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে। অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্য অনুসারে সম্পত্তির ওপর কোনও দায় বিদ্যমান নেই। অবশ্য, বিডাররা অবশ্যই নিজেদের বিড জমা দেওয়ার আগে নিলাম হতে চলা সম্পত্তি সংক্রান্ত দায়, স্বত্ব ও সম্পত্তিকে প্রভাবিত করতে পারে এমন দাবি/ অধিকার/ বকেয়া সম্পর্কে নিজ উদ্যোগে স্বাধীনভাবে অনুসন্ধান চালিয়ে সন্তুষ্ট হয়ে নেবেন। সংরক্ষণ মূল্য এবং বায়না অর্থাঙ্ক (ইএমডি) প্রতিটি সম্পত্তির বিশদ বিবরণে উল্লেখ করা আছে।

অ্যাকাউন্ট/ ঋণগ্রহীতা ও জামিনদারের নাম	সম্পত্তির বিশদ বিবরণ (ফ্ল্যাট/ দোকান/ জমি/ বাড়ি ইত্যাদি)	সম্পত্তি আইডি	১৩(২) নোটিসের তারিখ অনাদায়ী বকেয়া (লক্ষ টাকায়) ১৩(৪) নোটিসের তারিখ	সংরক্ষণ মূল্য বায়না জমা বিড গুণক
১. মিঃ গোবিন্দ হেমব্রম (প্রয়াত) শ্রীমতী সান্ত্বনা মারান্ডি প্রয়াত গোবিন্দ হেমব্রমের আইনি উত্তরাধিকারিণী শাখা অফিস: ডিআরএম শিয়ালদা	‘শচীন্দ্র অ্যাপার্টমেন্ট’ নামক জি+২ তলবিশিষ্ট বিল্ডিংয়ের ৩য় তলে দক্ষিণ–পূর্ব–উত্তর দিক অভিমুখী সামান্য কমবেশি ৬২০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট একটি আবাসিক ফ্ল্যাট যার অবস্থান: মৌজা– সুলতানপুর, আর এস দাগ নং ২০৭, আর এস খতিয়ান নং ০৬, জে এল নং ১০, তৌজি নং ১৭২, আর এস নং ১৪৮, ফ্ল্যাট নং ২বি, হোল্ডিং নং ১০৬, নলতা মহাজাতি রোড, দমদম পুরসভার অধিক্ষেত্রাধীন, থানা– দমদম, কলকাতা–৭০০০২৮।	CBINKOL3986GOBINDAHEMBRAM	০৬.০৫.২০২২ ₹৮.৫৪ লক্ষ ১৬.১০.২০২২ (বাস্তবিক দখলে)	আরপি: ₹১৪,০৭,০০০.০০ ইএমডি: ₹১,৪০,৭০০.০০ বিআইএ: ₹২০,০০০.০০
২. সোনালি সামন্ত শাখা অফিস: রাজারহাট	‘শিবালয় অ্যাপার্টমেন্ট’ নামক জি+৫ তলবিশিষ্ট বহুতল আবাসিক বিল্ডিংয়ের ৫ম তলে দুটি বেডরুম, একটি ডাইনিং, একটি কিচেন, দুটি টয়লেট নিয়ে গঠিত সামান্য কমবেশি ৯০৩ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট ও ‘৪এ’ চিহ্নিত আবাসিক ফ্ল্যাট, তৎসহ উক্ত বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরে ১০০ বর্গফুট মাপের একটি কভার্ড কার পার্কিং স্পেসের অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: জে এল নং ২, তৌজি নং ২৯৯৮, আর এস দাগ নং ৪৩৩, ৪৩৩ (অংশ), ৪৪০ (অংশ), আর এস খতিয়ান নং ১২৮, ৮৪ ও ১২৭, মৌজা– গোপালপুর, স্যর রমেশ মিত্র সরণি, থানা– এয়ারপোর্ট, নারায়ণপুর বটতলা, কলকাতা, জেলা– উত্তর ২৪ পরগনা, পিন–৭০০১৩৬। সম্পত্তির চৌহদ্দি: উত্তর– অন্যের আবাস; দক্ষিণ– পুরসভার ২২ ফুট চওড়া রাস্তা (স্যর রমেশ মিত্র সরণি); পূর্ব– ফাঁকা জায়গা (পুকুর); পশ্চিম– রাসায়নিক কারখানা। ২০২২ সালের দলিল নং I–২৪৭৭ অনুযায়ী সম্পত্তির রেজিস্টার্ড স্বত্বাধিকারিণী মিসেস সোনালি সামন্ত।	CBINKOL3413SONALISAMANT5G	২০.০৯.২০২৪ ₹২৩.৫৫ লক্ষ ২২.১১.২০২৪ (বাস্তবিক দখলএ)	আরপি: ₹২৪,৩৭,০০০.০০ ইএমডি: ₹২,৪৩,৭০০.০০ বিআইএ: ₹২০,০০০.০০

ই–নিলাম	পরিদর্শনের তারিখ ও সময়	নিলামের অর্থ জমার জন্য ইএমডি শুরুর তারিখ ও সময়	ইএমডি অর্থ জমার শেষ তারিখ ও সময়	ই–নিলামের তারিখ ও সময়
সমস্ত সম্পত্তির জন্য	সম্পত্তি ১১ সেপ্টেম্বর ২০২৬ তারিখে দুপুর ১.০০ টা থেকে বিকেল ৫.০০ টা পর্যন্ত পরিদর্শনের জন্য উপলব্ধ থাকবে।	১৪ সেপ্টেম্বর ২০২৬ তারিখ সকাল ১০.০০ টা থেকে	১৭ সেপ্টেম্বর ২০২৬ তারিখ বিকেল ৫.০০ টা	১৭ সেপ্টেম্বর ২০২৬ বেলা ১০.০০ টা থেকে সন্ধ্যে ৬.০০ টা

সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর রুল ৮(৬) অধীনে ১৫ দিনের বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি

নিলাম পরিচালিত হবে ব্যাঙ্কের অনুমোদিত সার্ভিস প্রোভাইডার, ই–নিলাম এজেন্সির ওয়েবসাইট **https://www.baanknet.com/**–এর মাধ্যমে। ই–নিলাম এজেন্সির সঙ্গে যোগাযোগ সম্পর্কিত তথ্য হল:
- পিএসবি অ্যালায়েন্স হেল্পডেস্ক নম্বর: +৯১–৮২৯১২২০২২০, ই–মেল: **support.baanknet@psballiance.com.**
বিডার রেজিস্ট্রেশন এবং ইএমডি প্রদান/ ফেরত সংক্রান্ত প্রশ্নের ব্যাখ্যা পেতে যোগাযোগ: **support.baanknet@psballiance.com**। অনুগ্রহপূর্বক হেল্পডেস্ক আধিকারিকদের সঙ্গে কাজের দিনে অফিস চলার মেয়াদে যোগাযোগ করবেন।
যথেষ্ট সময় হাতে থাকতেই নিম্নলিখিত আনুষ্ঠানিকতাগুলি সম্পন্ন করে রাখতে বিডারদের প্রতি পরামর্শ দেওয়া হচ্ছে:
ধাপ ১: বিডার/ক্রেতা রেজিস্ট্রেশন: ই–নিলাম প্ল্যাটফর্ম **https://www.baanknet.com**–তে নিজের মোবাইল নম্বর ও ই–মেল আইডি দিয়ে বিডারদের রেজিস্ট্রেশন করে নিতে হবে।
ধাপ ২: কেওয়াইসি যাচাই: ই–কেওয়াইসি–র অংশ হিসেবে প্রয়োজনীয় নথিগুলি সিস্টেমে যাচাই করা হবে।
অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, এই ধাপ নং ১ ও ধাপ নং ২ বিডারদের তরফে **যথেষ্ট সময় আগেই সম্পন্ন করে রাখতে হবে।**
ধাপ ৩: ইএমডি অর্থাঙ্ক: নিলামের যথেষ্ট আগে/ নিলাম চলার সময় নিজের গ্লোবাল ইএমডি ওয়ালেটে অনলাইন উপায়ে (অর্থাৎ, এনইএফটি/ ট্রান্সফার/ ইউপিআই/ নেটব্যাঙ্কিং) আগ্রহী বিডার/ক্রেতারা ইএমডি অর্থাঙ্ক স্থানান্তর করে দেবেন। গ্লোবাল ইএমডি ওয়ালেটে ইএমডি অর্থাঙ্ক উপলব্ধ না থাকলে, সিস্টেম সংশ্লিষ্ট বিডারকে বিড করতে দেবে না। রেজিস্ট্রেশন, কেওয়াইসি নথি যাচাই এবং ওয়ালেটে ইএমডি স্থানান্তরের কাজগুলি নিলামের নির্ধারিত সময়সীমার যথেষ্ট সময় আগেই সম্পন্ন করে রাখতে হবে। বিডাররা এক বা সমস্ত সম্পত্তির জন্য দরপ্রস্তাব জমা দিতে পারবেন। কেবলমাত্র তাঁর অ্যাকাউন্টে যথেষ্ট ইএমডি থাকলে তবেই কোনও আগ্রহী বিডার ই–নিলামের তারিখে বিড করতে সক্ষম হবেন। বিডিংয়ের সময় বিডারের গ্লোবাল ওয়ালেটে যথেষ্ট ব্যালান্স (ইএমডি অর্থাঙ্কের সমান বা বেশি) থাকতেই হবে। একাধিক সম্পত্তির জন্য দরপ্রস্তাব জমার ক্ষেত্রে প্রত্যেক সম্পত্তির জন্য ইএমডি জমা দিতে হবে। ব্যাঙ্কিংয়ের কারবার অনুযায়ী এই প্রক্রিয়ায় কিছুটা সময় লাগতে পারে এবং সেই কারণে বিডারদের নিজেদের স্বার্থেই শেষ মিনিটের সমস্যা এড়াতে যথেষ্ট সময় হাতে থাকতে প্রাক্–বিড অর্থাঙ্ক জমা করার পরামর্শ দেওয়া হচ্ছে।
ইএমডি/ নিলাম প্রক্রিয়া চলাকালীন বিডিংয়ের সময় অর্থাঙ্ক প্রদানের জন্য অনুগ্রহপূর্বক **https://www.baanknet.com** ওয়েব পোর্টালে দেওয়া নির্দেশিকা অনুসরণ করুন।
ধাপ ৪: বিডিং প্রক্রিয়া এবং নিলামের ফলাফল: ওপরের ধাপ নং ১, ২ ও ৩ সম্পন্ন করার পরে ই–নিলাম প্ল্যাটফর্মে আগ্রহী ও রেজিস্টার্ড বিডাররা অনলাইনে বিড করতে পারবেন।
কোনও সম্পত্তির ক্ষেত্রে মাত্র একজন বিডার থাকলে, সেই একক বিডারকেও ই–নিলামে অংশ নিতে হবে এবং ওপরে সংশ্লিষ্ট সম্পত্তির পাশে উল্লিখিত ও বিড গুণক হিসেবে নির্ধারিত অর্থমূল্যের সমমূল্যের বর্ধিত দরপ্রস্তাব জমা দিতে হবে, যার অন্যথা হলে তাঁকে সফল বিডার হিসেবে ঘোষণা করা হবে না।
ইএমডি/ নিলাম প্রক্রিয়া চলাকালীন বিডিংয়ের সময় অর্থাঙ্ক প্রদানের জন্য অনুগ্রহপূর্বক **https://www.baanknet.com** ওয়েব পোর্টালে দেওয়া নির্দেশিকা অনুসরণ করুন।
বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য, অনুগ্রহপূর্বক ব্যাঙ্কের **www.centralbankofindia.co.in** ওয়েবসাইটে দেওয়া লিঙ্ক দেখুন।
তারিখ: ৩০ আগস্ট, ২০২৬ **অনুমোদিত আধিকারিক, সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া**
স্থান: কলকাতা **ই–মেল আইডি: recoverykolknro@centralbank.bank.in**